রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, সেপ্টেম্বর ১৫, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(উপজেলা-১ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/২৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.১৪০.২০১৩-১১৫৫—যেহেতু, বেগম মোছাঃ সাবিরা সুলতানা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোরকে গত ১২ জুলাই ২০১৮ তারিখে ঢাকার বিশেষ জজ আদালত (৭) কর্তৃক দুর্নীতি দমন আইন, ২০০৪ সালের ২৬(২) ধারায় ০৩(তিন) বছর এবং ২৭(১) ধারায় ০৩(তিন) বছরসহ মোট ০৬(ছয়) বছর কারাদণ্ড ও কারাদণ্ডের পাশাপাশি ৫০০০ (পাঁচ হাজার) টাকা অর্থ দণ্ডে দণ্ডিত করা এবং জ্ঞাতআয় বহির্ভূতভাবে অর্জিত ০১ কোটি ৭৮ হাজার ১৩৫ টাকা ৮৪ পয়সা সরকারের অনুকূলে বাজেয়াপ্তের নির্দেশ প্রদান করার বিষয়টি জেলা প্রশাসক, যশোর কর্তৃক জানানো হয়েছে;

যেহেতু, যশোর জেলার ঝিকরগাছা উপজেলা পরিষদ চেয়ারম্যান বেগম মোছাঃ সাবিরা সুলতানা উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(১)(খ) অনুযায়ী পরিষদ বা রাষ্ট্রের স্বার্থের হানিকর কার্যকলাপে জড়িত থাকার অপরাধে আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হয়েছেন, সেহেতু সরকার জনস্বার্থে তাঁকে স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(২) অনুসারে যশোর জেলার ঝিকরগাছা উপজেলা পরিষদ চেয়ারম্যান বেগম মোছাঃ সাবিরা সুলতানাকে উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান এর পদ হতে অপসারণ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আনজুমান আরা
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd


মূল্য ঃ টাকা ৪.০০